



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/21/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো রাজ্যের টিকা দান কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদান
করেছেন - সরবরাহ করা প্রথম ডোজের 93% প্রদান করা হয়েছে

নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত ডোজগুলির মধ্যে
93% প্রদান করেছে

রাজ্য গত 24 ঘন্টায় 96,000 টিকা প্রদান করেছে

যে গতিতে টিকা প্রদান চলছে তাতে নিউ ইয়র্কের টিকা শেষ হয়ে যাবে আগামী কাল

**টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান
করতে; ny.gov/vaccinetracker যান**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাকরণ কর্মসূচী সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ
তথ্য প্রদান করেছেন। আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণের সাইটগুলি ফেডারেল
সরকারের কাছ থেকে প্রাপ্ত টিকার প্রথম ডোজের 93 শতাংশ প্রদান করেছে, এবং প্রথম ও দ্বিতীয়
ডোজের 91 শতাংশ প্রদান করেছে।

"আমরা যত দ্রুত সম্ভব এই টিকা দেওয়ার জন্য চেষ্টা করছি আর তার সাথে আমরা সংক্রমণের
হার কমানোর জন্য যথাসাধ্য চেষ্টা করছি। ছুটির পর থেকে আমরা উভয় ক্ষেত্রেই অগ্রগতি
করেছি, কিন্তু সুডপের শেষে আলোতে পৌঁছানোর আগে অনেক পথ যাওয়া বাকি," **গভর্নর কুওমো
বলেন।** "রাজ্য গত 24 ঘন্টায় 96,000টি শট প্রদান করেছে, এবং আমাদের আরো বেশি করার
পরিচালন-ক্ষমতা আছে - কিন্তু আমাদের ফেডারেল সরকারের কাছ থেকে আরো বেশি ডোজ
প্রয়োজন কারণ আসল সমস্যা হচ্ছে চাহিদা সরবরাহকে ছাড়িয়ে যাচ্ছে। আমাদের এছাড়াও প্রয়োজন
প্রদানকারীরা যেন সেই সব দলগুলিকে অগ্রাধিকার দেন যাদের জন্য তারা পরিষেবা প্রদানের জন্য
দায়বদ্ধ যাতে এই ব্যবস্থা ন্যায়সঙ্গত থাকে।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার
থেকে আসা টিকা সরবরাহের পরিমাণের চেয়ে অনেক বেশি। যদিও ফেডারেল সরকার 7 মিলিয়ন
নিউ ইয়র্কবাসীকে অন্তর্ভুক্ত করার জন্য এই টিকার যোগ্যতা বৃদ্ধি করেছে, প্রকৃতপক্ষে কেন্দ্রীয়
টিকার সরবরাহ কমে গেছে। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত

করা হচ্ছে এবং কোন অ্যাপয়ন্টমেন্ট ছাড়া টিকাকরণ সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ (আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে):

রাজ্যব্যাপী বিশদ তথ্য

- প্রথম ও দ্বিতীয় ডোজের শতকরা শতাংশ - 91%
- প্রাপ্ত প্রথম ডোজ - 1,053,650
- প্রদান করা প্রথম ডোজগুলি - 975,958; 93%
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 136,500
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 108,573

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ	প্রদান করা মোট ডোজ	শতাংশ/গৃহীত ডোজের শতকরা
Capital Region	78,550	64,305	82%
Central New York	59,725	58,546	98%
Finger Lakes	77,150	72,249	94%
Long Island	144,750	140,502	97%
Mid-Hudson	111,925	94,191	84%
Mohawk Valley	29,850	22,867	77%
New York City	546,775	491,085	90%
North Country	25,925	25,783	99%
Southern Tier	29,400	32,180	100%
Western New York	86,100	82,823	96%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	1,190,150	1,084,531	91%

	সপ্তাহ 1:	সপ্তাহ 2:	সপ্তাহ 3:	সপ্তাহ 4:	সপ্তাহ 5:
	ডোজ আসছে 12/14 - 12/20	ডোজ আসছে 12/21 - 12/27	ডোজ আসছে 12/28 - 01/03	ডোজ আসছে 01/04 - 01/10	ডোজ আসছে 01/11 - 01/17

স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে প্রথম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	90,675	392,025	201,500	160,050	209,400
স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে দ্বিতীয় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	0	0	0	90,675	45,825
মোট	90,675	392,025	201,500	250,725	255,225
CUMULATIVE		482,700	684,200	934,925	1,190,150

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া 91 শতাংশ ডোজ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। কারণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটে একটি সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট করার জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

[COVID-19 টীকা ড্র্যাকার ড্যাশবোর্ড](#) COVID-19 টীকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টীকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাকরণ ফেসিলিটিগুলির জন্য; রাজ্যের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিকস প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টীকা প্রশাসনের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)